

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ০৭/১১/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

\*সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অন্য ০৭/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্র. নং | বিষয়   | আলোচনা  | সিদ্ধান্ত   |
|---------|---|---|---|
| ০১      | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ  | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।   | কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ় করণ করা হয়।  |
| ০৩      | জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পের আওতায় মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদানঃ | কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব ডাঃ হেলেনা বেগম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলায় জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পের আওতায় মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ দেওয়া হয়। মাংস প্রক্রিয়াজাতকারী কিভাবে রোগমুক্ত গবাদিপ্রাণি নির্বাচন করবে সে বিষয়ে আলোচনা করা হয়। চামরা জাতীয় সম্পদ এই চামরা যাতে নষ্ট না হয় তা কিভাবে সংরক্ষণ করতে হবে তা আলোকপাত করা হয়। মাংস প্রক্রিয়াজাতকারীরা জুনোটিক রোগে আক্রান্ত না হয় সেজন্য জুনোটিক রোগের বিষয়ে ধারণা দেওয়া হয়। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৭/১১/২০২১

(আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি


জামালপুর সদর, জামালপুর।

কনং- ৩৩.০১.৩৯৩৬.০০০.০৬.০০২.২১-৫৫৯

তারিখঃ ০৭/১১/২০২১ খ্রিঃ

দয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। জনাব-----সদস্য, উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৪। অফিস নথি।



(ডা. হেলেনা বেগম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

০৭/১১/২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

| ক্রঃ নং | সদস্যদেরনাম  | পদবী       |
|---------|--|------------|
| ০১      | জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর | সভাপতি     |
| ০২      | মোঃ দ্বীন আমিন, চেয়ারম্যান, ০৭ নং ঘোড়াখাপ ইউনিয়ন পরিষদ                  | সদস্য      |
| ০৩      | মোঃ শহীদুল্লাহ, চেয়ারম্যান, ০৪ নং তুলশীর চর ইউনিয়ন পরিষদ                 | সদস্য      |
| ০৪      | মমতাজুন্নেছা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর                 | সদস্য      |
| ০৫      | ডা. হেলেনা বেগম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জামালপুর সদর                | সদস্য সচিব |